সকল অপশক্তি রুখে দেশকে এগিয়ে নিয়ে যেতে হবে

দর্শনার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার বিকাল ৫ টার দিকে পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন পরিষদ চত্বরে অনুষ্ঠিত অনুষ্ঠানে ইউপি চেয়ারম্যান জাকারিয়া আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি হাজী আলী আজগার টগর বলেন, জাতীর জনক বঙ্গবন্ধু স্বপ্ন দেখছিলেন, দারিদ্র, ক্ষুধা, নিরক্ষর ও সাম্প্রদায়িক মুক্ত সোনার বাংলাদশের।

আজ বঙ্গবন্ধু আমাদের মধ্যে না থাকলেও তার রেখে যাওয়া স্বপ্ন বাস্তবায়ন হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান লক্ষ কোটি বাঙালির হৃদয়ে বেঁচে থাকবেন, তার অবদান কোনদিন ভুলতে পারবো না। তারই সুযোগ্য কন্যা, প্রধানমন্ত্রী শেখ হাসিনা পূরন করেছেন বঙ্গবন্ধুর লালিত স্বপ্ন।

১৫-ই আগষ্ট বঙ্গবন্ধুর স্ব-পরিবারে হত্যার পর থেকে এখনো নানা ষড়যন্ত্র চলছে। এ আগষ্ট মাসে বঙ্গবন্ধুর কন্যা জননেত্রী শেখ হাসিনাকে ২০০৪ সালে ২১ আগষ্ট হত্যার চেষ্টা করেছিল বিএনপি-জামায়াত। আল্লাহর রহমতে তিনি বেঁচে গেছে। সকল ষড়যন্ত্রকে রুকে দিয়ে জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশকে উন্নয়নের রোল মডেল হিসাবে বিশ্বে আজ পরিচিত লাভ করেছে।

আমাদের সকল নেত্রাকর্মীকে সংগঠিত ও সর্তক থেকে শেখ হাসিনার সাথে থেকে কাজ করে যেতে হবে। সকল অপশক্তির বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে এবং দেশকে এগিয়ে নিয়ে যেতে হবে।

পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের ৫নং ওয়ার্ড আ.লীগ কর্তৃক আয়োজিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও দর্শনা পৌর আ.লীগের সাধারন সম্পাদক আলি মুনছুর বাবু, পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন আ.লীগের সাধারন সম্পাদক জিয়াবুল হক, আ.লীগ নেতা ও সিএ্যান্ডএফ এ্যাসোসিয়েশনের সাধারন সম্পাদক বিশিষ্ট ব্যাবসায়ী আতিয়ার রহমান

হাবু, ছোলাইমান হক, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, সহ-সম্পাদক আব্দুল মান্নান খান, দর্শনা পৌর যুবলীগের সাধারন সম্পাদক শেখ মোঃ আসলাম আলী তোতা, যুবলীগ নেতা হীরণ, শেখ আসফির রহমান মুন, ইউপি সদস্য খায়রুল বাশার, দামুড়হুদা উপজেলা ছাত্রলীগে সভাপতি আরিফ ইসলাম, দর্শনা পৌর ছত্রলীগের সভাপতি ববি, দর্শনা সরকারী কলেজ ছাত্রলীগের সভাপতি পারভেজ ও সাধারণ সম্পাদক তোফাজ্জের হোসেন তপু, শওকত আলী সুমন সহ ইউনিয়ন আ.লীগের দলীয় নেতাকর্মী ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দরা।

জাতীয় শোক দিবসে মুজিবনগর সামাজিক উন্নয়ন সংস্থার আলোচনা ও দোয়া অনুষ্ঠান

১৫ ই আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসা এর শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২২ উপলক্ষে মুজিবনগর সামাজিক উন্নয়ন সংস্থার উদ্যোগে আলোচনা সভা, দোয়া ও মিলাদ মাহফিলের আয়োজন করা হয়েছে।

সোমবার সন্ধ্যায় মেহেরপুর বোসপাড়া (বাগান পাড়া) মুজিবনগর সামাজিক উন্নয়ন সংস্থার প্রধান কার্যালয়ে এ আলোচনা সভা, দোয়া ও মিলাদ মাহফিলের আয়োজন করা হয়।

মুজিবনগর সামাজিক উন্নয়ন সংস্থার সভাপতি মোঃ শফিকুল ইসলাম কান্ত এর নির্দেশক্রমে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জেলা তাঁতীলীগের উপদেষ্টা মণ্ডলীর সদস্য আহসান হাবীব জিলা।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, মুজিবনগর সামাজিক উন্নয়ন সংস্থার সাধারণ সম্পাদক মোঃ রাজু হোসেন। এছাড়াও এসময় মুজিবনগর সামাজিক উন্নয়ন সংস্থার সদস্য আপন খাঁনসহ অন্যান্য সদস্যগণ উপস্থিত ছিলেন।

পরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের সকলের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ দোওয়া ও মোনাজাত করা হয়।

মেহেরপুরে জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া

১৫ ই আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২২ উপলক্ষে মেহেরপুরে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

আজ সোমবার সকালে মেহেরপুর জেলা প্রশাসনের সম্মেলন কক্ষে এ আলোচনা সভা ও দোয়ার আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে আলোচনা সভায় ভার্চুয়ালি প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন,জেলা পুলিশ সুপার রাফিউল আলম।

স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক (ডিডি) মৃধা মো: মুজাহিদুল ইসলামের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা পরিষদের প্রশাসক গোলাম রসুল,পিরোজপুর ইউনিয়নের চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস,বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি হাসানুজ্জামান মালেক প্রমুখ।

আলোচনার পরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের সকলের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ দোওয়া ও মোনাজাত করা হয়।

পরে জাতীয় শোক দিবস উপলক্ষে বিভিন্ন প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।